

# পাহাড় সমুদ্র ঠন

প্রথমত আমারও স্বপ্ন ছিল বনভূমি কিনে নেবো,  
যেখানে বিচির বৃক্ষের নিবিড় সমাবেশে অসংখ্য পাথির কলগান  
সরীসৃপ আর বন্যপ্রাণীদের যেখানে অভয়াশ্রম;  
অন্তত সুউচ্চ দুঁটি পাহাড় এবং  
কতিপয় টিলাসহ আমার একটি মৌজা হবে  
এ রকম পরিকল্পনা আমারও ছিল একদিন  
পাহাড়ের সর্বোচ্চ চূড়ায় বসে বুকে একান্ত কষ্টগুলো  
খুলে খুলে শুশ্রায় দেবার আকাঙ্ক্ষা পুরোছি বুকে  
বহুবার পাহাড় ভ্রমণে গিয়ে কোন পাহাড়টি একান্ত আমার হবে  
নির্বাচন করে নিতে চেয়েছি গোপনে;  
আন্ত সমুদ্র না হোক অন্তত উত্তাল সমুদ্রের কতিপয় টেউ  
কিছুটা সৈকত কিনে নেবো সাফ - কাবলা মূল্যে  
এভাবেই ভাবতাম যখন ছোটোখাটো বাগানে দুজন  
অভিসারে গেছি, পার্কে, কৃত্রিম উদ্যানে, নাগরিক ঝিলে;  
তোমাকে ছোঁবার জন্য সংক্ষিপ্ত পৃথিবী আমার সামান্য ছিল।

অতঃপর কড়ি ও সধ্যয় ভেবে অক্ষমতা টের পেলে  
বন সমুদ্র পাহাড় কেনার সিদ্ধান্ত পালিয়েছি,  
ভালোবেসেছি তোমাকে অবিরাম  
পৃথিবীর সমস্ত পাহাড় বন সমুদ্র নিজস্ব ভেবে।

ফরিদ আহমাদ দুলাল

## সাঞ্চা ভারনা

সন্ধ্যা নামে, কাকের ডাকের মতো একা  
মান নদী — জলের অনেক নীচে  
গুটি গুটি হেঁটে যায় কয়েকটি শামুক  
পরাজিত সেনিকের মতো শাথ গতি  
জল ছেড়ে উঠে আসে মাছরাঙ্গা — একটি মানুষ  
সঙ্গে কিছু কচিকাঁচা — সন্তান বা সন্তানের মতো  
প্রত্যেক কেঁচড়ে কিছু কুচো মাছ, গুগলি, বিনুক  
পরাজিত সেনাবাহিনীর মতো খালি গায়  
তারা কি প্রকৃত পরাজিত ?  
এই রণক্ষেত্র আর হন্যমান জীবনযাপন  
লড়াই কি করতেই হবে, আহত না - হয় হস্তারক  
এর বাইরে কোনো পাঠ নেই ?  
এরা তো নিজের বৃত্তে দিব্য নিজস্ব পালায় মগ্ন  
কেন যে তাদের তোমাদের বড়ো বড়ো সাজাঘরে ধরে আনো  
সাজাও শহিদ কিংবা সাজাও ঘাতক !

রজতকান্তি সিংহচৌধুরী